25 MAR 2009
তারিখ ... 25 MAR 2009 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

ইত্তেফাক

# শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিবেদনে ১৪০ কলেজ সম্পর্কে ঘোষণা প্রত্যাহারের দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষা মন্ত্রণালয় পরিচালিত গোপন প্রতিবেদনের ভিত্তিতে এক সপ্তাহের মধ্যে ৩৮টি বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ বন্ধ ঘোষণা এবং ১০২টি কলেজ ভুয়া বলে আখ্যায়িত করার প্রতিবাদ জানিয়েছে বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ এসোসিয়েশন।

গত সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আয়োজিত এক সংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের নেতৃবৃন্দ বলেন, এসব কলেজ সম্পর্কে কোন সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার [illegible] একমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের, শিক্ষা মন্ত্রণালয়ের নয়। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সরকারি টিচার্স ট্রেনিং (টিটি) কলেজের শিক্ষকদের দ্বারা পরিচালিত গোপন প্রতিবেদনের ভিত্তিতে এ উদ্যোগে তারা ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছেন। এ ঘোষণায় একদিকে যেমন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে অন্যদিকে জনসম্মুখে বেসরকারী টিটি কলেজ সমূহকে হেয় প্রতিপন্ন করা হয়েছে। নেতৃবৃন্দ অবিলম্বে এ ঘোষণা প্রত্যাহারের দাবী জানান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এসোসিয়েশনের সভাপতি মো: নবী নেওয়াজ। এসোসিয়েশনের উপদেষ্টা আমিনুল ইসলাম কাগজী, সহ-সভাপতি আব্দুল হাকিম, সাধারণ সম্পাদক নাজিরুল ইসলাম ও যুগ্ম-সম্পাদক মকবুল হোসাইন এসময় উপস্থিত ছিলেন।